# ২০২২
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

## তৃতীয় সেমেস্টার
## কোর্স কোর্ড : BNG-G-SEC-T-1
## (সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রে শ্রোতার ভূমিকা কী?

খ) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রের আহ্বায়কের কাজ কী?

গ) দুটি শব্দের মধ্যে দূরত্ব কমানোর জন্য কী চিহ্ন ব্যবহার করা হয় উদাহরণসহ লেখো।

ঘ) প্রুফ সংশোধনের সময় কোন্ কোন্ বিষয়ে নজর দেওয়া হয়?

ঙ) নাটকে কথক চরিত্র কাকে বলে?

চ) গ্রন্থ কীভাবে পর্যালোচনা করা হয়? দুটি বাক্যে লেখো।

*(পরের পাতায়)*

ছ) ণ-ত্ব বিধান কী?

জ) বাংলা ভাষায় যেকোনো দুই ধরনের বানান বিধির নাম করো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) শ্রেণিকক্ষে সাহিত্য-পাঠদানের ক্ষেত্রে লেখক-পরিচিতি সম্পর্কে ছাত্রছাত্রীদের অবহিত করার প্রয়োজন কোথায়?

খ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানে টেক্সট বুক রিডিং-এর গুরুত্ব কতদূর?

গ) ছোটোগল্পের নাট্যরূপ প্রস্তুতির ক্ষেত্রে কোন্ কোন্ দিক সম্পর্কে নাট্যকারের সতর্কতা আবশ্যক বলে মনে করো?

ঘ) গ্রন্থ-সমালোচনায় বইয়ের প্রশংসা শুধু নয়, বরং দোষত্রুটি ও সম্ভাবনার দিকগুলি দেখানো সমালোচনার ক্ষেত্রে কেন বেশি জরুরি?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) শ্রেণিকক্ষে প্রত্যক্ষ পাঠদানের সঙ্গে অনলাইন পদ্ধতিতে পাঠদানের পারস্পরিক সুবিধা-অসুবিধার দিকগুলি আলোচনা করো।

খ) তোমার পঠিত একটি ছোটগল্পের নাট্যরূপ প্রস্তুত করো।

গ) তোমার পঠিত একটি নাটকের গঠনমূলক সমালোচনা লেখো।

ঘ) 'আধুনিক বাংলা সাহিত্যে রবীন্দ্র-প্রভাব'— এই বিষয়ে আলোচনাসভার সম্ভাব্য বিষয়সূচি প্রণয়ণ করো।

---